পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
জেশপ বিল্ডিং (দ্বিতল)
৬৩ নেতাজী সুভাষ রোড, কলকাতা-১.

নং- ৩০৫৬(৩৮)-আর.ডি(এন.আর.ই.জি.এ)/১৮এস-০১/০৭. তাং-০৩.০৪.২০০৮

প্রেরক : শ্রী মানবেন্দ্র নাথ রায়,
প্রধান সচিব

প্রাপক : ১। জেলা শাসক ........................................................................জেলা

২। জেলা প্রকল্প আধিকারিক.........................................................জেলা

৩। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদ

*বিষয় : এন.আর.ই.জি. প্রকল্পের কাজের উন্নতি বিধানের লক্ষ্যে নতুন প্রকল্পের অনুমোদন ও অর্থের যোগান সংক্রান্ত নির্দেশিকা।*

মহাশয়/মহাশয়া,

জাতীয় গ্রামীণ রোজগার গ্যারান্টি প্রকল্প সঠিকভাবে এবং সফলভাবে রূপায়ণের এবং প্রকল্পের কাজের উন্নতিবিধানের লক্ষ্যে প্রকল্প রূপায়ণকারী সংস্থা/গ্রাম পঞ্চায়েত স্তরে প্রকল্পের অনুমোদন প্রদান এবং অর্থের যোগানের ব্যবস্থা ত্বরান্বিত করা অত্যন্ত জরুরী।

গ্রাম পঞ্চায়েত স্তরে প্রকল্পের অনুমোদন প্রদান/প্রেরণ এবং প্রকল্পের জন্য বরাদ্দ অর্থ যোগানের/অনুমোদনের ব্যবস্থা ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নলিখিত পদ্ধতিগুলি গ্রহণ করা আবশ্যিক।

১। গ্রাম পঞ্চায়েত স্তরে গৃহীত নতুন প্রকল্পের অনুমোদনের প্রস্তাব এবং চালু কাজের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের চাহিদা অবশ্যই নির্ধারিত ফর্মে পাঠাতে হবে (ফর্ম সংযুক্ত করা হল)।

২। ব্লক অফিস এবং জেলা এন.আর.ই.জি.এ. শাখা সাধারণত দুই দিনের মধ্যে এবং সর্বাধিক পাঁচটি কাজের দিনের মধ্যে সরাসরি গ্রাম পঞ্চায়েত অফিসকে ফ্যাক্স অথবা ফোনের মাধ্যমে প্রকল্পের অনুমোদন এবং বরাদ্দ অর্থের অনুমোদনের সংবাদ জানিয়ে দেবে। যে সমস্ত পঞ্চায়েতে ফোন বা ফ্যাক্স সুবিধা নেই সেখানে ব্লক অফিসের মাধ্যমে সংবাদ প্রেরণ করতে হবে।

৩। প্রকল্পের অনুমোদন বা অর্থ বরাদ্দের ব্যাপারে ব্লক অফিসের কোন আপত্তি থাকলে ২ দিনের মধ্যেই টেলিফোনের মাধ্যমে জানিয়ে আপত্তির নিষ্পত্তি করতে হবে।

৪। গ্রাম পঞ্চায়েতগুলিতে নির্দিষ্ট/কাঙ্খিত সময়ের মধ্যে অর্থের যোগান সুনিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের আমানতকারী ব্যাঙ্কগুলির সঙ্গে লিখিত চুক্তি থাকা বাঞ্ছনীয়। যে ব্যাঙ্ক সবথেকে দ্রুত অর্থ লেনদেন সংক্রান্ত গ্যারান্টি দিতে পারবে এবং গ্রাম পঞ্চায়েতগুলিতে যে ব্যাঙ্কের সবথেকে বেশী শাখা অফিস আছে জেলাস্তরে তৃতীয় ব্যাঙ্ক হিসাবে সেই ব্যাঙ্কেই এ্যাকাউন্ট খোলা দরকার।

৫। গ্রাম পঞ্চায়েতগুলিতে জেলা এন.আর.ই.জি.এ. শাখার ফোন নং সংগ্রহ করে রাখতে হবে, যাতে যে কোন রকম অসুবিধা টেলিফোনেই তারা বলতে পারেন।

৬। জেলাস্তরে যে সমস্ত আধিকারিক প্রকল্পের কাজের তদারকিতে নিযুক্ত আছেন কাজের চাহিদা ও অর্থের যথাযথ ব্যবহার ও যোগান সম্পর্কে তাঁদের ওয়াকিবহাল থাকতে হবে, যাতে যে কোন ত্রুটি বিচ্যুতি অতি দ্রুততার সঙ্গে সংশোধন করা যায়।

উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে দ্রুত কার্য্যকরী পদক্ষেপ গ্রহণ করে যাতে সময়মতো টাকা যোগান দেওয়ার কাজ ও খরচের হিসাব দ্রুত আনানো যায় তারজন্য সুষ্ঠু ব্যবস্থাপনা গড়ে তুলতে অনুরোধ করছি।

সংলগ্নিকা : নতুন প্রকল্পের অনুমোদন সংক্রান্ত নির্দ্ধারিত ফর্ম।

ভবদীয়

মানবেন্দ্র নাথ রায়,
প্রধান সচিব
৩/৪/০৮

E: Bengali 2000 **Anjali**/ 3056 NREGA

# গ্রাম পঞ্চায়েত/প্রকল্প রূপায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্পের অনুমোদন/এবং অর্থ অনুমোদনের ফর্ম

i) গ্রাম পঞ্চায়েত ঃ

ii) অর্থ অনুমোদনের জন্য পাঠানোর তারিখে মজুত অর্থের পরিমাণ ঃ

iii) প্রকল্প/অর্থ-অনুমোদনের জন্য পাঠানোর তারিখে সেই বছরে সৃষ্ট শ্রমদিবস ঃ

ক। যে প্রকল্পগুলি শুরু হতে চলেছে তার তালিকা ঃ

| বার্ষিক কাজের পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের নাম ও ক্রমিক সংখ্যা | দাগ নং ও খতিয়ান নং সহ মৌজার অবস্থিতি | প্রকল্পের ধরণ | আনুমানিক শ্রমদিবস সৃষ্টি | অনুমোদিত আনুমানিক ব্যয় অনুযায়ী প্রকল্পের খরচ | প্রার্থিত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

খ। চালু প্রকল্পগুলির প্রার্থিত অর্থের চাহিদা ঃ

| বার্ষিক কাজের পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের নাম ও ক্রমিক সংখ্যা | অনুমোদিত ব্যয় | প্রকল্পখাতে এ পর্যন্ত খরচের পরিমান- তাং - | প্রার্থিত বকেয়া অর্থের পরিমান | প্রকল্প সম্পূর্ণ হওয়ার সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১। গ্রাম পঞ্চায়েতে এ পর্যন্ত সম্পূর্ণ হওয়া কাজগুলি সম্পদ রেজিষ্টারে নথিভূক্ত হয়েছে।

২। সমস্ত চালু প্রকল্পগুলি যথাযথ তারিখে প্রকল্প রেজিষ্টারে অন্তর্ভূক্ত হয়েছে।

প্রধান/ই.এ

তাং-